

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

www.bb.org.bd

১২ মাঘ, ১৪২২

সার্কুলার পত্র নং-এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১৬-০৩

তারিখ : -----

২৫ জানুয়ারী, ২০১৬

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের

প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

আমদানি নীতি আদেশ, ২০১২-২০১৫ এর আলোকে প্যারারফিন জাতীয় পদার্থ (এইচ এস হেডিং নং-২৭.১০) সহ অন্যান্য পেট্রোলিয়ামজাত পণ্য (এইচ এস কোড নং-২৭.০৯, ২৭.১০, ২৭.১১, ২৭.১২ ও ২৭.১৩) আমদানির লক্ষ্যে এলসি খোলার সময় বিইআরসি'র লাইসেন্স পরীক্ষা করা বাধ্যতামূলককরণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) এর পত্র নম্বর-বিইআরসি/এলপিপি/লুব(গার্ডিয়ান)/২২৮/০১৩৫, তারিখ-০৭/০১/২০১৬, বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সার্কুলার পত্র নম্বর-এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১৪-১৯, তারিখ-১৩/১০/২০১৪ এবং অত্র বিভাগ কর্তৃক প্রেরিত পত্র নম্বর-এফইপিডি(আমদানি নীতি)/১২৫/২০১৫-৮১৭৭, তারিখ: ১৩/০৯/২০১৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এর পত্রে প্যারারফিন জাতীয় পদার্থ (এইচ এস হেডিং নং-২৭.১০) আমদানির জন্য এলসি খোলার আগে বর্ণিত নির্দেশনা অনুমোদিত ডিলার ব্যাংকসমূহ কর্তৃক সঠিকভাবে পরিপালিত হচ্ছে না মর্মে উল্লেখ আছে, যা অনাকাঙ্ক্ষিত। অতএব, এইচ এস হেডিং নং-২৭.০৯, ২৭.১০, ২৭.১১, ২৭.১২ ও ২৭.১৩ এর অন্তর্ভুক্ত পেট্রোলিয়াম জাত পণ্য আমদানির নিমিত্তে এলসি স্থাপনের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইতোপূর্বে প্রদত্ত পরামর্শ অনুযায়ী সংশ্লিষ্ট আমদানিকারক বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ অনুসারে বিইআরসি হতে লাইসেন্স প্রাপ্ত কি না তা বাধ্যতামূলকভাবে পরীক্ষা করার জন্য সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার শাখাসমূহকে পুনঃনির্দেশনা দিতে আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনানুযায়ী



(মোঃ জাকির হোসেন চৌধুরী)

উপ মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫০